



হাদি হত্যা চার্জশিটের গ্রহণযোগ্যতা নিয়ে শুনানি বৃহস্পতিবার



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদির হত্যাকাণ্ডে করা মামলার অভিযোগপত্র গ্রহণ করা হবে কি না, সে বিষয়ে শুনানির দিন ঠিক করেছেন আদালত।

আগামী বৃহস্পতিবার ১৫ জানুয়ারি এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত আসতে পারে।

সোমবার ১২ জানুয়ারি দুপুরে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলামের আদালত এই তারিখ নির্ধারণ করেন। একই সঙ্গে রাষ্ট্রপক্ষের সহায়তায় তিনজন আইনজীবীকেও নিয়োগ দেওয়া হয়েছে।

এর আগে সকালে মামলার বাদী ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবেরসহ ফাতিমা তাসনিম জুমা ও শান্তা আক্তার আদালতে হাজির হন। তারা মামলায় নিয়োগপ্রাপ্ত আইনজীবীদের আবেদনের সঙ্গে নিজেদের সম্মতির কথা জানান।

শুনানিতে আইনজীবীরা চার্জশিট খতিয়ে দেখার জন্য মঙ্গলবার ও বুধবার সময় চান। আদালত সেই আবেদন মঞ্জুর করে দুই দিন সময় দেন। সবকিছু পর্যালোচনা শেষে বৃহস্পতিবার অভিযোগপত্র গ্রহণযোগ্য হবে কি না অথবা নারাজি দেওয়া হবে কি না, সে বিষয়ে আদালতকে জানানো হবে।